সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল
দিনাজপুর ব্যাঙ্ক লিঃ
সিডিউল্ড ব্যাঙ্ক — ( ক্লিয়ারিং সুবিধাযুক্ত )
নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান
জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর
সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা
শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর ( কলিকাতা ), রায়গঞ্জ রাজসাহী, আলীপুর ডুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট ( কলিকাতা ), গাইবান্ধা ও চুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।
ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন
Ex. M. L. C.

Registered
No. C. 853

# সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—০·০—

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত
পক্ষাঘাতের তৈল ঔষধ
এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মূল্য ১৬৲ ষোল টাকা
চ্যবনপ্রাশ /১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲
দশভুজা ঔষধালয়
মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান
ডি, এস, বোর্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৪৭ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৬ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৪ ইংরাজী 21st May. 1947 { ১ম সংখ্যা

আপনার
ক্ষম খরচার খাজাঞ্চী
ঠাকুরিয়া ব্যাঙ্কিং
করপোরেশন লিমিটেড
হেড অফিস
২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা
ফোন: কলিকাতা ১৭৩৩ টেলিগ্রাম: ট্রুংকম
শাখাসমূহ
ঠাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট,
বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ,
আজিমগঞ্জ বাজার ( মুর্শিদাবাদ ), সোনারপুর।
ম্যানেজিং ডিরেক্টার
ডি, এন, চ্যাটার্জি এম, আর, ই, এস (লণ্ডন)

ব্যয় নহে—সঞ্চয়
জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।
জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।
হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৬ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৪ সাল

## জঙ্গিপুর সংবাদের নব বর্ষ প্রবেশ

—:•:—

জঙ্গিপুর সংবাদ তার ত্রয়স্ত্রিংশত্তম (৩৩শ) বর্ষ অতিক্রম করিয়া চতুস্ত্রিংশত্তম (৩৪শ) বর্ষে পদার্পণ করিল। বর্ত্তমানে সংবাদপত্র মুদ্রণের যাবতীয় উপকরণের দুর্ম্মূল্যতার জন্য কলিকাতা ও মফঃস্বলের অধিকাংশ সংবাদপত্রেরই মূল্য বৃদ্ধি হইয়াছে। আমরা আজও জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য হাতে বিলি করিলে ১৷৹ টাকা ও ডাকে ২৲ দুই টাকাই লইতেছি। ইহা গ্রাহক ও পাঠকগণের শুভেচ্ছার জন্যই সম্ভব হইয়াছে। আমরা আমাদের হিতার্থিগণের প্রত্যেককে যথাযোগ্য সম্মান প্রদর্শন করিয়া নব বর্ষে কর্ম্মক্ষেত্রে অবতীর্ণ হইলাম।

---

## ২৫শে বৈশাখ

বৎসরের এই দিনটী শিক্ষিত বাঙালীর স্মরণীয় দিন। এই দিনে কবিগুরু রবীন্দ্রনাথ জন্মগ্রহণ করিয়াছিলেন। জঙ্গিপুরের বিদ্যার্থী শ্রীমান্ সুনীলকুমার মুখোপাধ্যায় প্রমুখ কতিপয় তরুণের প্রচেষ্টায় শ্রীবিষ্ণু সরস্বতীর পৌরোহিত্যে এই দিনের মহাজাতকের প্রতি শ্রদ্ধা নিবেদনের আয়োজন হইয়াছিল। সভায় সঙ্গীত, আবৃত্তি, ভাষণ সবই অনুষ্ঠিত হইয়াছিল। স্থানীয় জনগণের উপস্থিতি অত্যন্ত কম হওয়ায় সরস্বতী মহাশয় একটু ক্ষুন্ন হইয়াছিলেন। আমরা তাঁহাকে এই বলিতে চাই—শিক্ষিত, অশিক্ষিত বহু হিন্দুই ভগবান্ শ্রীকৃষ্ণকে ভক্তি করেন, কিন্তু ক'জন তাঁর জন্মাষ্টমীর ব্রতোপবাস করেন? আমরা তাঁহাকে স্মরণ করাইয়া দিতে চাই বাঙলার জনগণকে লক্ষ্য করিয়াই কবিগুরু স্বয়ং লিখিয়া গিয়াছেন—

"ত্রিশ কোটি সন্তানেরে হে মুগ্ধ জননী!
রেখেছ বাঙালী ক'রে মানুষ করনি।"

এই অমানুষের দেশে তিনি অন্য স্থান হইতে আসিয়া উৎসবানুষ্ঠান পরিচালনা করিলেন, আর স্থানীয় জনগণ উপস্থিত হইবার অবসর করিতে পারিলেন না! কাব্যরসের সৃষ্টিকর্ত্তা না হইলেও রসাস্বাদনে যাঁদের রুচি নাই তাঁহারা কৃপার পাত্র। অন্য একজন প্রাচীন কবি ঠিকই লিখিয়াছিলেন—

রতনে রতন চিনে মূঢ়ে কিবা জানে,
তাহার দৃষ্টান্ত দেখ নলিনী-লক্ষণে।
বনে থাকে ভ্রমর কমল থাকে জলে,
উড়ে এসে মধুপান করে কুতূহলে।
ভেক আর কমল থাকয়ে এক ঠাঁই,
মধুর আস্বাদ তার কিছু জানা নাই।

---

## ব্যবসায়ীর মাতৃশ্রাদ্ধ

রঘুনাথগঞ্জের অন্যতম প্রধান ব্যবসায়ী শ্রীযুত কেনারাম চন্দ্র মহাশয়ের মাতৃশ্রাদ্ধ গত ১লা জ্যৈষ্ঠ সম্পন্ন হইয়াছে। পূর্ব্বাহ্ণে শ্রাদ্ধ বাসরে মান্য গণ্য জনগণের অধিষ্ঠান হইয়াছিল। অধিষ্ঠিত ব্রাহ্মণগণকে মণ্ডপে সবস্ত্র ভোজ্য, স্বর্ণ ও ১টী করিয়া মুদ্রা দান করা হয়। বৈকালে আনুমানিক সার্দ্ধ সহস্র (১৫০০) দরিদ্রকে চিঁড়ে, দই, সার গুড়, বঁদে দ্বারা তৃপ্তির সহিত ভোজন করাইয়া আবাল-বৃদ্ধ বণিতা নির্ব্বিশেষে প্রত্যেককে চারি আনা দক্ষিণা দেওয়া হইয়াছিল। ৩রা জ্যৈষ্ঠ ব্রাহ্মণ ও নিমন্ত্রিত অন্যান্য সকলকে নানাপ্রকার মিষ্টান্ন সহযোগে ভূরিভোজনে আপ্যায়িত করা হয়। মাতৃদেবীর আত্মার তৃপ্ত্যর্থে সুবিখ্যাত কীর্ত্তনীয়া শ্রীযুত রাধাশ্যাম দাস মহাশয়ের সম্প্রদায় কর্ত্তৃক লীলা-কীর্ত্তন করান হয়।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৯ই জুন ১৯৪৭

১৯৪৭ সালের ডিক্রীজারী

১৭২ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং নেবা সেখ দিং দাবি ২২৮০ থানা রঘুনাথগঞ্জ মৌজে চড়কা ৩৪ শতকের কাত ৩/০ আঃ ২৫৲ থং ৯৭ উক্ত জমির উপরিস্থিত দেওয়ালিয়া মাটী কোঠাঘর, টিন, চাল-ছাপ্পর,, কপাট, চৌকাঠ জানালা ও বৃক্ষাদি সহ নীলাম হইবে।

১৭৩ থাং ডিঃ ঐ দেং নকড়িলাল সাহা দিং দাবি ২৫৮৶৩ থানা ঐ মৌজে দফরপুর ৭২ শতকের কাত ৩।৩ আঃ ২৫৲ থং ২৬৯ উক্ত জমির উপরিস্থিত বাগান ও বাঁশ ইত্যাদি সহ নীলাম হইবে।

১৭৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৮৶৩ মৌজাদি ঐ ৬৮ শতকের কাত ১৮১০ আঃ ১০৲ থং ৪৩৩ উক্ত জমির উপরিস্থিত বাগান ও বৃক্ষাদি সহ নীলাম হইবে।

১৭৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৮৶৯ মৌজাদি ঐ ৮৪ শতকের কাত ২৮৶১ আঃ ২৫৲ থং ২৭৮ উক্ত জমির উপরিস্থিত বৃক্ষাদি ও বাঁশ সহ তলস্থ জমি নীলাম হইবে।

১৭৬ থাং ডিঃ ঐ দেং শরৎকামিনী দাসী দিং দাবি ৬৪৮৶৬ থানা ঐ মৌজে মির্জ্জাপুর ১-৫০ শতকের কাত ১২/৩ আঃ ৩০৲ থং ২৩২ উক্ত জমি মায় তদুপরিস্থিত ঘর, চালছাপ্পর, কপাট, চৌকাঠ, আকাঠা, সুকাঠা নওয়া জিমা সহ তলস্থ জমি নীলাম হইবে।

১৭৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫৶৩ মৌজাদি ঐ ৮৮ শতকের কাত ৬।৶৬ আঃ ২৫৲ থং ২৩১

২১৬ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং সরস্বতী রায় দিং দাবি ৪৮।৩ থানা রঘুনাথ-

গঞ্জ মৌজে বাইদ্ধ্যা ৬-৫৫ শতকের কাত ১১।৶০ আ: ৩০, থং ৩৫০

২১৭ থাং ডিঃ ঐ দেং বিজয়কুমার সিংহ দাবি ৮৮।৵৬ মৌজাদি ঐ ২-৩৪ শতকের কাত ১৫॥৶২। আ: ৫০, থং ২৪৫

২২৭ থাং ডিঃ ঐ দেং গোবিন্দ ঋষি দিং দাবি ২০।৶০ মৌজাদি ঐ ৩৮ শতকের কাত ২, আ: ৬, থং ১১৪।১১৬

১১১ থাং ডিঃ মতুয়ালি ও স্বয়ং সৈয়দ কাওসার আলি দেং বলাইচন্দ্র দাস দাবি ২৮॥৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে নিজ শিবপুর ১৬।০ শতকের কাত ৫।৵১০ আ: ১৫, থং ১৮৯

১৯৬ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং অশ্বিনীকুমার রায় দিং দাবি ২০॥৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ১-৪৬ শতকের সেস ॥৵০ আ: ১০, থং ৪৯৩ অধীনস্থ থং ৪৯৪

১৯৭ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং কোরেসান নেসা বিবি দাবি ১২৩/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া ৬-৩১ শতকের কাত ১৪।৯ আ: ৬৫, থং ৯৬ রায়ত স্থিতিবান

১৯৮ থাং ডিঃ ঐ দেং কোরেসান নেসা বিবি দিং দাবি ১৭১৸৶৯ থানা ঐ মৌজে দক্ষিণপাড়া, পাইকর ও গনকর ১৩-৮৫ শতকের কাত ২০।/৩ আ: ৭৫, থং ৫৩৬, ১০ ও ৫৫৬ মধ্যস্বত্বাধিকারী মোকররী

২২১ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং পুলিন মণ্ডল দিং দাবি ৬৫/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সুজাপুর ৩-১৩ শতকের কাত ১৪।৶১ আ: ২৫, থং ১৮১ রায়ত স্থিতিবান

২২২ থাং ডিঃ ঐ দেং কাদির সেখ দিং দাবি ৩২/০ থানা ঐ মৌজে জাঠিয়া ২-২ শতকের কাত ৬॥০ আ: ১৫, থং ৩৮৫, ১৫৯ রায়ত স্থিতিবান

২২৩ থাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ সরকার দিং দাবি ৪৬।৬ মৌজাদি ঐ ৩-৮০ শতকের কাত ১০৶০ আ: ২০, থং ১০৯ ঐ স্বত্ব

২২৯ থাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দিং দেং গাম্ভির খাঁ দাবি ২৪।৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দয়ারামপুর ১-৫ শতকের কাত ২৸/১১।০ আ: ২০, থং ৮২

২৩০ থাং ডিঃ কিরিটভূষণ দাশ গুপ্ত দিং দেং তামজুদ্দিন সেখ দাবি ৪৩৸০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কানাইমাটী ৩৫ শতকের কাত ৬, আ: ৪০, থং ৯৩

২০৯ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং ভোলানাথ সরকার দিং দাবি ৫২, থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলোরী ৭৸৪ জমির কাত ৭/১১॥ আ: ১৫, থং ৯৫

১৫৬ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং লালু বিবি দাবি ১৮।৵৬ থানা সুতী মৌজে পাকুলিয়া ১-০৭ শতকের কাত ২১৶২ আ: ৫, থং ১৯১

১৫৭ থাং ডিঃ ঐ দেং অহেদবকুস মোমিন দিং দাবি ১৬।/৬ থানা সমসেরগঞ্জ মৌজে পাকুলিয়া ২০ শতকের কাত ১।৵০ আ: ৫, থং ১৩৯

২২৫ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং তিনকড়ি সিংহ দাবি ২৪।৵৩ থানা সুতী মৌজে রেঞ্জাপুর ২৭ শতকের কাত ২৸৵০ আ: ১৪, থং ৫১

---

## মজুত বিরোধী অভিযান

### খাদ্যশস্য দখলের আদেশ

১৯৪৭ সালের ৮ই মে হইতে চট্টগ্রাম পার্ব্বত্য এলাকা ব্যতীত সমগ্র বাঙ্গালা দেশে ১৯৪৭ সালের বঙ্গীয় খাদ্যশস্য বণ্টন ও দখল আদেশ বলবৎ হইবে। ব্যবসায়ী এবং উৎপাদকগণ কর্ত্তৃক চাউল অথবা ধান মজুত রাখা বন্ধ করিবার জন্য এবং বে-আইনীভাবে মজুত খাদ্যশস্য বাজারে বিক্রয়ের ব্যবস্থা করিবার জন্য বাঙ্গালা সরকার কেন্দ্রীয় সরকারের অনুমোদনক্রমে এই আদেশ জারী করিয়াছেন।

এই আদেশবলে সংগ্রহ-ব্যবস্থার আঞ্চলিক কন্‌ট্রোলার এবং জেলা-ম্যাজিষ্ট্রেটকে নিজ নিজ এলাকায় যে কোন ব্যক্তিকে তাহার মজুত চাউল অথবা ধান্যের সমস্ত অথবা অংশ শেষ সংশ্লিষ্ট অফিসারের নিকট অথবা ক্ষমতা-প্রাপ্ত অপর কোনও ব্যক্তির নিকট সরকার-নির্দ্দিষ্ট দরে বিক্রয় করিতে আদেশ দেওয়ার ক্ষমতা দেওয়া হইয়াছে। নির্দ্দেশ অনুযায়ী মজুত শস্য বিক্রয় না করিলে সমস্ত শস্য বাজেয়াপ্ত ও বিক্রয় করিয়া ফেলা হইবে।

এই আদেশবলে প্রাপ্ত ক্ষমতা কার্য্যকরী করিবার জন্য যোগ্য অফিসারদের গৃহে প্রবেশ করিবার এবং প্রশ্ন করিবার ও দলিল প্রদর্শন করিতে নির্দ্দেশ দান ও মজুত শস্য ওজন করিয়া প্রয়োজনীয় তদন্ত করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে।

এই আদেশ অমান্য করিলে তিন বৎসর পর্য্যন্ত কারা-দণ্ড ও জরিমানা হইতে পারে এবং মজুত শস্য বাজেয়াপ্ত হইয়া যাইতে পারে।

---

## কাপড়ের কন্‌ট্রোল

### আগামী মাসে উঠিয়া যাইবার সম্ভাবনা

কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মহল হইতে এরূপ আভাষ পাওয়া গিয়াছে যে, আগামী মাস হইতে সূতা ও কাপড়ের কন্‌ট্রোল উঠিয়া যাইতে পারে। তবে, উৎপাদন ও রপ্তানীর উপর কন্‌ট্রোল থাকিবে এবং উৎপাদনকারী-দিগকেও সূক্ষ্ম ও মোটা কাপড় উৎপাদনের নির্দ্দিষ্ট হার মানিয়া চলিতে হইবে। কেন্দ্রীয় সরকার এ বিষয়ে প্রাদেশিক বিভিন্ন সরকারের মতামত চাহিয়া পাঠাইয়াছেন। ১৫ই মে'র মধ্যে উহাদের অভিমত জানা যাইবার সম্ভাবনা। মে মাসের তৃতীয় সপ্তাহে প্রাদেশিক বিভিন্ন সরকারের প্রতিনিধিগণ এবং বস্ত্রব্যবসায়ীদের এক বৈঠক হইবে। এ বিষয়ে গবর্ণমেণ্টের চূড়ান্ত সিদ্ধান্ত জুন মাসের প্রথমেই জানা যাইবে।

---


বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ

পাইবার

বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,

বি-এ, কবিরত্ন।

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান :—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED





## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্ত প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ বন্দোবস্ত পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১।০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


### দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি অন্ত্রের কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত, কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত